

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৯৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

### আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَتِمُّوا الصَّفَّ الْمُقَدَّمَ ثُمَّ الَّذِي يَلِيهِ فَمَا كَانَ مِنْ نَقْصِ فَلْيَكُنْ فِي الصَّفِّ الْمُؤخر» . رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

১০৯৪-[১০] আনাস (রাঃ) থেকে বর্ণিত হয়েছে। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ তোমরা পূর্বে প্রথম কাতার সম্পূর্ণ করো, এরপর পরবর্তী কাতার পুরা করবে। কোন কাতার অসম্পূর্ণ থাকলে সেটা হবে একেবারে শেষের কাতার। (আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৬৭১, সহীহ আল জামি' ১২২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে প্রথমে সামনের কাতারকে পূর্ণ করতে, অতঃপর দ্বিতীয় কাতার পূর্ণ করতে, এরপর অতিরিক্ত হলে তা শেষ কাতারে দাঁড়াতে বলা হয়েছে। সামনে ইমামের দিকে লক্ষ্য করে সোজা পেছন বরাবর দাঁড়াবে যাতে সম্ভবপর ইমামের অধিক কাছ থেকে কাতার শুরু করা ছুটে না যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন